গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২ (সমন্বয়, এপিএ ও আইসিটি)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

**স্মারক নং-** ৫৭.০৩.০০০০.০১৯.৩২.০১২ (মন্ত্রি সভা).২১ (খন্ড-১)- ৪১৭ **তারিখ:** **০৮ অগ্রহায়ণ ১৪৩০ / ২৮ নভেম্বর ২০২৩**

**বিষয়: আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১২তম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রতিবেদন প্রেরণ।**

সূত্র : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২১ নভেম্বর ২০২৩ তারিখের ৫৭.০০.০০০০.০৪০.১৬.০২৯.১৯.৮৭০ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১২তম সভার সিদ্ধান্ত ৩.৫ (খ) নিম্নরূপ:

"সরকারি কর্মকর্তা/কর্মচারী নিয়োগ এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে মাদকদ্রব্য সনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) নামটির পরিবর্তে "ড্রাগ অ্যাবিউজ টেস্ট" অথবা আন্তর্জাতিকভাবে প্রচলিত/স্বীকৃত একটি নামকরণ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়"।

২. বর্ণিত সিদ্ধান্তের আলোকে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী নিয়োগ এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে **বর্তমানে ব্যবহৃত মাদকদ্রব্য সনাক্তকরণ পরীক্ষা "ডোপ টেস্ট" নামটির পরিবর্তে "ড্রাগ অ্যাবিউজ টেস্ট" নামকরণ ব্যবহার করতে হবে।**

সংযুক্তি: **বর্ণনা মোতাবেক।**

**স্বাক্ষরিত/-**
(প্রকৌশলী মোঃ আক্তারউজ্জামান)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
পরিচালক (প্রশাসন) এর রুটিন দায়িত্ব
ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯৪
ইমেইল: dte.planning.wing@gmail.com

**স্মারক নং-** ৫৭.০৩.০০০০.০১৯.৩২.০১২ (মন্ত্রি সভা).২১ (খন্ড-১)- ৪১৭(১১) **তারিখ:** **০৮ অগ্রহায়ণ ১৪৩০ / ২৮ নভেম্বর ২০২৩**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩. অধ্যক্ষ (সকল), ইঞ্জিনিয়ারিং কলেজ, রাজশাহী ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সার্ভে ইনস্টিটিউট, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস---------------------------।
৪. উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. অধ্যক্ষ (সকল), টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ----------------------।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
১০. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংরক্ষণ নথি।

28/11/2023
(নিজাম উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক

...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.১৬.০২৯.১৯.৮৭০

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩০
২০ নভেম্বর ২০২৩

বিষয়: **আইন- শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১২তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

সূত্র: জননিরাপত্তা বিভাগের ৩০.১০.২৩ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০০২.০০১.১৯ (অংশ-১)-৭৯৭ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১২তম সভার ৩.৫(খ) নং ক্রমিকের সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্রমিক | সিদ্ধান্ত |
|---|---|
| ৩.৫ | (খ) সরকারি কর্মকর্তা/কর্মচারী নিয়োগ এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে মাদকদ্রব্য সনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) নামটির পরিবর্তে "ড্রাগ অ্যাবিউজ টেস্ট" অথবা আন্তর্জাতিকভাবে প্রচলিত/স্বীকৃত একটি নামকরণ করতে হবে। |

০২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১২তম সভার কার্যবিবরণী

২০-১১-২০২৩
মোঃ কামরুল হাসান
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪১৬
ইমেইল: dsadmin@tmed.gov.bd

বিতরণ :

১) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা
২) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা
৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া

৬) অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ
ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.১৬.০২৯.১৯.৮৭০/১(৫)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩০
২০ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা

২) যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা

৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা

৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৫) অফিস কপি

২০-১১-২০২৩
মোঃ কামরুল হাসান
উপসচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডাইরী নং- ২৬৮৯
তারিখ- 05 NOV 2023

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতীব জরুরি
01 NOV 2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক শাখা-২
www.mhapsd.gov.bd

স্মারক নং:৪৪.০০.০০০০.০৭৫.০২.০০১.১৯ (অংশ-১)-৭৯৭

তারিখ: ১৪ কার্তিক ১৪৩০ / ৩০ অক্টোবর ২০২৩

**বিষয় : আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১২তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১২তম সভা গত ১৮ অক্টোবর, ২০২৩ তারিখ বুধবার বেলা ১১:০০ ঘটিকায় জনাব আ. ক. ম. মোজাম্মেল হক, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও আহবায়ক, আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিত করার জন্য কার্যবিবরণীর ০১ (এক) প্রস্থ ছায়ালিপি এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৩০.১০.২৩

মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪৫২৩
ই-মেইল: mohapol2@gmail.com

বিতরণ : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় :-

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/ আইন ও বিচার বিভাগ/ কৃষি মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, ঢাকা।
০৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
০৪। চীফ অব জেনারেল স্টাফ, সেনা সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৬। চেয়ারম্যান, বিটিআরসি, ঢাকা।
০৭। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা **(ডিআইজি ও পুলিশ সুপারগণকে কপি সরবরাহের অনুরোধসহ)**।
০৮। মহাপরিচালক, এনএসআই/বিজিবি/ডিজিএফআই/আনসার ও ভিডিপি/বিজিবি/বাংলাদেশ কোস্টগার্ড/এনজিও বিষয়ক ব্যুরো/ র‍্যাব/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/এনটিএমসি/জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
০৯। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, ঢাকা।
১০। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, সিআইডি, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব, (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২। বিভাগীয় কমিশনার, (সকল) **(সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে কপি সরবরাহের অনুরোধসহ)**।
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১৪। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
১৫। জেলা প্রশাসক, ----------------------------------------(সকল)।
১৬। পুলিশ সুপার, ------------------------------------------(সকল)।
১৭। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ----------------------------------------------------------------।
১৮। সিনিয়র সচিব এর একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৯। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, ঢাকা।
২০। যুগ্মসচিব (রাজনৈতিক-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২১। অফিস কপি/মাষ্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক শাখা- ২
www.mhapsd.gov.bd

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১২তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : **জনাব আ. ক. ম মোজাম্মেল হক**
**মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

**তারিখ ও সময়** : **১৮ অক্টোবর ২০২৩, বেলা ১১:০০ টা**
**সভার স্থান** : **সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**উপস্থিত মাননীয় সদস্যবৃন্দের নাম ও পদবি** : **পরিশিষ্ট-ক**
**উপস্থিত কর্মকর্তাবৃন্দের নাম ও পদবী** : **পরিশিষ্ট-খ**

সভার শুরুতে শেখ রাসেল দিবস-২০২৩ উপলক্ষে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর গত ১৩ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১১তম সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। কোনো সংযোজন-বিয়োজন না থাকায় বিনা সংশোধনীতে তা দৃঢ়ীকরণ করা হয়।

২। অতঃপর সভাপতি মহোদয়ের সদয় সম্মতিক্রমে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১১তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তর হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বাস্তবায়নের অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

৩। সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ এবং আমন্ত্রিত অতিথি/কর্মকর্তাবৃন্দ বিষয়ভিত্তিক তাঁদের সুচিন্তিত বক্তব্য, মতামত ও প্রস্তাব উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | আসন্ন সাধারণ নির্বাচন উপলক্ষে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ক | (ক) অবৈধ অস্ত্রের ব্যবহার রোধ করে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক অবৈধ অস্ত্রের উদ্ধার অভিযান অব্যাহত রাখতে হবে। | পুলিশ অধিদপ্তর/ বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ র‍্যাব |
| | | (খ) অগ্নিসন্ত্রাসসহ বিভিন্ন নাশকতামূলক কর্মকাণ্ড নিয়ন্ত্রণ করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে গোয়েন্দা নজরদারি বৃদ্ধিসহ তাৎক্ষণিক ও কার্যকর পদক্ষেপ নিতে হবে। | পুলিশ অধিদপ্তর/ এনএসআই/ডিজিএফআই/ এসবি |
| | | (গ) আইন-শৃঙ্খলা বাহিনীর মধ্যে আন্তঃসমন্বয়ের মাধ্যমে নির্বাচন পূর্ব, নির্বাচনকালীন ও নির্বাচন পরবর্তী সময়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ এনএসআই/ডিজিএফআই/ বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ র‍্যাব |

| | | | |
|---|---|---|---|
| | | (ঘ) ধর্মীয় উস্কানি ও উগ্রবাদী কার্যক্রম রোধকল্পে ধর্মের নামে সন্ত্রাসী কর্মতৎপরতার সাথে জড়িত সংগঠনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ পুলিশ অধিদপ্তর/ আনসার ও ভিডিপি/ র‍্যাব |
| | | (ঙ) সাধারণ নির্বাচনের পূর্বে আইন-শৃঙ্খলা বাহিনীর বিশেষ করে আনসার ও বিজিবি'র Operational Vehicle গুলো ক্রয়ের নিমিত্তে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | জননিরাপত্তা বিভাগ/আনসার ও ভিডিপি/বিজিবি |
| | | (চ) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিভাগীয় ও জেলা কোর কমিটি নিয়মিতভাবে সভা আয়োজন করে কর্মপন্থা নির্ধারণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল)/ জেলা প্রশাসক (সকল) |
| ৩.২ | গুজব প্রতিরোধ ও সাইবার ক্রাইম নিয়ন্ত্রণ বিষয়ক | (ক) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের মাধ্যমে যারা মিথ্যাচার ও অপপ্রচার করে মানুষকে বিভ্রান্ত করে তাদেরকে সনাক্ত করে আইনের আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ এনটিএমসি/র‍্যাব/বিটিআরসি |
| | | (খ) সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো গুজব সৃষ্টি হলে সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় আন্তঃসমন্বয়ের মাধ্যমে তাৎক্ষণিকভাবে গুজবটি প্রতিহত করার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ এনটিএমসি/র‍্যাব/বিটিআরসি |
| | | (গ) সারাদেশে কর্মরত দেশি-বিদেশী এনজিও সমূহের কার্যক্রম পর্যবেক্ষণ ও গোয়েন্দা তথ্য বিশ্লেষণপূর্বক গুজব ছাড়ানোর সাথে কোন প্রতিষ্ঠান জড়িত থাকলে সে তথ্য সিআইডি/এনটিএমসিকে জানাতে এবং অভিযুক্তদের আইনের আওতায় আনতে হবে। | এনটিএমসি/এনজিও বিষয়ক ব্যুরো/সিআইডি/জেলা প্রশাসক (সকল)/পুলিশ সুপার (সকল) |
| ৩.৩ | দুর্গাপূজা উপলক্ষে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ক | (ক) শারদীয় দুর্গাপূজা-২০২৩ উদযাপনের সময় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধ প্রবণতা নিয়ন্ত্রণ রাখতে আইন-শৃঙ্খলা বাহিনী এবং স্থানীয় প্রশাসনকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। | পুলিশ অধিদপ্তর/বিজিবি/আনসার ও ভিডিপি/বিভাগীয় কমিশনার (সকল)/জেলা প্রশাসক (সকল) |
| | | (খ) আসন্ন পূজার সময় উদ্ভুত আইন-শৃঙ্খলা সম্পর্কিত যে কোন পরিস্থিতি মোকাবেলায় স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীকে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ বিভাগীয় কমিশনার (সকল)/জেলা প্রশাসক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | (গ) পুলিশের নজরদারির আওতায় এনে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ রাখতে পূজা কমিটি স্ব স্ব উদ্যোগে পূজামন্ডপে সিসি ক্যামেরা স্থাপনপূর্বক সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও থানা পুলিশকে এর Link/Access দিতে হবে। | পুলিশ অধিদপ্তর/ বিভাগীয় কশিমনার (সকল)/ ডিএমপি/জেলা প্রশাসক (সকল) |
| | | (ঘ) আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার স্বার্থে নতুন পূজামন্ডপ স্থাপনের ক্ষেত্রে লিখিত আবেদনের মাধ্যমে স্থানীয় প্রশাসন এবং সংশ্লিষ্ট থানা থেকে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/বিভাগীয় কমিশনার (সকল)/জেলা প্রশাসক (সকল) |
| ৩.৪ | সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ/নির্মূল বিষয়ক | (ক) সন্ত্রাস ও জঙ্গীবাদ কর্মকান্ড নিয়ন্ত্রণের অংশ হিসেবে ঢাকা মেট্রোপলিটন এলাকাসহ সারাদেশের গুরুত্বপূর্ণ সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/স্থাপনায় স্ব-উদ্যোগে সিসিটিভি ক্যামেরা স্থাপনের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/পুলিশ অধিদপ্তর/ডিএমপি/ জেলা প্রশাসক (সকল) |
| | | (খ) সংশ্লিষ্ট ভবন ও জানমালের নিরাপত্তার স্বার্থে স্থাপিত সিসিটিভির ফুটেজ যাতে প্রয়োজনে নিকটস্থ থানা/পুলিশ পেতে পারে সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/পুলিশ অধিদপ্তর/ডিএমপি/ জেলা প্রশাসক (সকল)/পুলিশ সুপার (সকল) |
| | | (গ) জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে সামাজিক সচেতনতা বৃদ্ধি করে সর্বস্তরের মানুষকে সম্পৃক্ত করে সামাজিক আন্দোলন গড়ে তোলার পাশাপাশি প্রচার-প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পুলিশ অধিদপ্তর/বিভাগীয় কমিশনার (সকল) |
| | | (ঘ) ইতোমধ্যে আটককৃত জঙ্গি ও সন্ত্রাসী কর্মকান্ডের সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে চলমান মামলাসমূহ বিধি-বিধানের আলোকে দ্রুত নিস্পত্তি করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | আইন ও বিচার বিভাগ/পুলিশ অধিদপ্তর |
| ৩.৫ | মাদকের অপব্যবহার রোধে ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত | (ক) ইতোপূর্বে গঠিত জাতীয় মাদকবিরোধী কমিটি কর্তৃক সরকারি কর্মকর্তা/কর্মচারী নিয়োগ, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি এবং নিয়োগ/ভর্তি পরবর্তী সময়ে কোন অস্বাভাবিক আচরণ পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে মাদকদ্রব্য সনাক্তকরণ টেস্ট সংক্রান্ত নীতিমালা প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/পুলিশ অধিদপ্তর/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | | (খ) সরকারি কর্মকর্তা/কর্মচারী নিয়োগ এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে মাদকদ্রব্য সনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) নামটির পরিবর্তে "ড্রাগ অ্যাবিউজ টেস্ট" অথবা আন্তর্জাতিকভাবে প্রচলিত/স্বীকৃত একটি নামকরণ করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/পুলিশ অধিদপ্তর/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | | (গ) মাদকের বিরুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত "জিরো টলারেন্স নীতি" বাস্তবায়নের লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর ব্যাপক তল্লাশি, গোয়েন্দা নজরদারির পাশাপাশি যৌথ টহল অভিযান অব্যাহত রাখতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/পুলিশ অধিদপ্তর/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/বিজিবি |
| | | (ঘ) মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে গঠিত জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের মাদক নিয়ন্ত্রণ/বিরোধী কমিটিসমূহকে নিয়মিতভাবে সভা অনুষ্ঠানপূর্বক কর্মপরিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/বিভাগীয় কমিশনার (সকল)/জেলা প্রশাসক (সকল) |
| | | (ঙ) সীমান্ত এলাকা দিয়ে মাদকদ্রব্য প্রবেশ রোধ এবং চোরাচালান বন্ধে বিজিবি এবং কোস্ট গার্ড কর্তৃক সার্বক্ষণিক টহল কার্যক্রম পরিচালনাসহ আইন-শৃঙ্খলা বাহিনীর গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করতে হবে। | পুলিশ অধিদপ্তর/বিজিবি/কোস্ট গার্ড/এনএসআই/ এসবি |
| ৩.৬ | **বিবিধ বিষয়াদি** | | |
| ৩.৬.১ | জোরপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার (রোহিঙ্গা) নাগরিকদের বিষয়াদি | (ক) বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিক (এফডিএমএন) ক্যাম্প এলাকায় নিরাপত্তা সংক্রান্ত স্থায়ী নির্দেশিকা "স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP)" প্রণয়নের পরিবর্তে ফৌজদারি কার্যবিধি ও প্রচলিত বিধিবিধান অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে এফডিএমএন (রোহিঙ্গা) ক্যাম্পে যৌথ টহল পরিচালনা করতে হবে। | জননিরাপত্তা বিভাগ/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/সশস্ত্র বাহিনী বিভাগ |
| | | (খ) বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিক (এফডিএমএন) ক্যাম্প এলাকায় কর্মরত এনজিও সমূহের কার্যক্রম কঠোরভাবে নজরদারি করার পাশাপাশি সন্ত্রাসী কর্মকান্ড/গুজবের সাথে জড়িতদের আইনানুগ ও দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ এনজিও বিষয়ক ব্যুরো |
| | | (গ) নোয়াখালী, সন্দ্বীপ ও হাতিয়াসহ অন্যান্য স্থান/এলাকা হতে বাংলাদেশি নাগরিকদের নৌপথে ভাসানচরে গমনাগমন এবং ভাসানচরে স্থানান্তরিত বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) অন্যত্র গমনাগমন বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাংলাদেশ কোস্ট গার্ড/ জেলা প্রশাসক, চট্টগ্রাম/ নোয়াখালী |

| | | | |
|---|---|---|---|
| | | (ঘ) বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের নিকট UNHCR প্রদত্ত Smart Card এর বিপরীতে টেলিটকের সিম বিক্রয়ের অনুমতি প্রদানের নিমিত্ত বিদ্যমান আইন/বিধি/নীতিমালা সংশোধন/পরিমার্জন বিষয়ে গৃহিত কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ/ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/বিটিআরসি |
| ৩.৬.২ | নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য নিয়ন্ত্রণ বিষয়ক | (ক) নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় রাখতে মজুতদার ও আড়ৎদারদের সিন্ডিকেট ভাঙতে গোয়েন্দা নজরদারি বৃদ্ধিসহ আইনগত কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/এনএসআই/ ডিজিএফআই/এসবি |
| | | (খ) নিরাপদ খাদ্য সরবরাহ নিশ্চিত করতে ভেজাল বিরোধী অভিযান/মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট সকল সংস্থার সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। | জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর/জেলা প্রশাসক (সকল) |
| | | (গ) নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ নিশ্চিত করতে এবং মূল্য সহনীয় রাখতে বাণিজ্য মন্ত্রণালয়ের নেতৃত্বে আন্তঃমন্ত্রণালয় সমন্বয়ের মাধ্যমে বাজার মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | বাণিজ্য মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয় |
| ৩.৬.৩ | যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত | (ক) ঢাকা শহরের যানজট নিরসনে ও যানবাহনের গতি স্বাভাবিক রাখতে যত্রতত্র পার্কিং রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ ও প্রচারণার জন্য ট্রাফিক সপ্তাহের আয়োজন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/পুলিশ অধিদপ্তর |
| | | (খ) সারাদেশে যাত্রীবাহী ও পণ্যবাহী পরিবহনের চলাচল নির্বিঘ্ন করতে পরিবহন সেক্টরের সকল পর্যায়ে চাঁদাবাজি বন্ধে কঠোর ও দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ পুলিশ অধিদপ্তর |
| | | (গ) জননিরাপত্তা বিভাগের উদ্যোগে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের এর সমন্বয়ে গৃহীত ঢাকা ট্রাফিক সিস্টেম অটোমেশান এর কার্যক্রম ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জননিরাপত্তা বিভাগ/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৩.৬.৪ | হুন্ডি প্রতিরোধ ও পাসপোর্ট সংক্রান্ত | (ক) হুন্ডির মাধ্যমে অর্থ পাচার রোধকল্পে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট দেশের সাথে দ্বি-পাক্ষিক আলোচনার মাধ্যমে সেন্ট্রাল ব্যাংক টু সেন্ট্রাল ব্যাংকের যোগাযোগ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ ও এ সংক্রান্ত একটি নীতিমালা তৈরি করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/বাংলাদেশ ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| | | (খ) হুন্ডি প্রতিরোধ ও ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির জন্য রেমিটারদের এবং রেমিট্যান্স গ্রাহকদের সচেতনতা বৃদ্ধিতে উদ্যোগ গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/বাংলাদেশ ব্যাংক |
| | | (গ) বিদেশে জন্মগ্রহণকারী ও বসবাসকারী বাংলাদেশী নাগরিকদের সন্তানদের পাসপোর্ট প্রদান করার ক্ষেত্রে এসবি (স্পেশাল ব্রাঞ্চ) ক্লিয়ারেন্সের জন্য যৌক্তিক সময় নির্ধারণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/এসবি |

৪। সকল আইন-শৃঙ্খলা বাহিনীর তৎপরতায় বাংলাদেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকলে আন্তরিকতা, নিষ্ঠা ও সততার সাথে তাঁদের নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে নাশকতা ও সন্ত্রাস দমনে ভূমিকা রাখবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভায় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯/১০/২০২৩ খ্রি.
**(আ.ক.ম. মোজাম্মেল হক)**
**মাননীয় মন্ত্রী**
**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**
**ও**
**আহবায়ক**
**আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।**